যুব উন্নয়ন অধিদপ্তর : সেবা সমূহ

| ক্রমিক | সেবার নাম |
|---|---|
| 1 | বেকার যুবদের দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ (প্রাতিষ্ঠানিক এবং অপ্রাতিষ্ঠানিক) |
| 2 | যুব সংগঠনের মাঝে অনুন্নয়ন খাতের অনুদান প্রদান |
| 3 | বেকার যুবকদের প্রশিক্ষণ |
| 4 | আত্মকর্মসংস্থানে সফলতার স্বীকৃতিস্বরূপ জাতীয় যুব পুরস্কার প্রদান কার্যক্রম |
| 5 | যুব ঋণ প্রদান |
| 6 | যুব সংগঠন তালিকাভুক্তিকরণ |

# বেকার যুবদের দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ (প্রাতিষ্ঠানিক এবং অপ্রাতিষ্ঠানিক)

| | |
|---|---|
| সেবা প্রাপ্তির সংক্ষিপ্ত বিবরণ | **প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের ক্ষেত্রে-**<br>বিজ্ঞপ্তিসাপেক্ষে আবেদনকারীকে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা/ইউনিট থানা কর্মকর্তা বরাবর আবেদন লিখে একই কার্যালয়ে দাখিল করতে হয়। আবেদনপ্রাপ্তির পর উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা যাচাই-বাছাই করে প্রাথমিক তালিকা প্রণয়ন করেন। অতঃপর উক্ত তালিকা জেলা কার্যালয়ে/যুব প্রশিক্ষণ কেন্দ্রে প্রেরণ করা হয়। জেলাতে প্রাথমিক মনোনীতদের একটি সাক্ষাৎকারের মাধ্যমে যাচাই করে চূড়ান্ত তালিকা করা হয়। পরবর্তীতে নির্বাচিতদের অবহিত করে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণ শেষে উত্তীর্ণদের সনদপত্র প্রদান করা হয়।<br>উল্লেখ্য, কম্পিউটার, পোশাক তৈরি, রেফ্রিজারেশন, মোবাইল, ইলেক্ট্রনিক্স ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণের জন্য সরাসরি উপ-পরিচালক বরাবর আবেদন করে জেলা অফিসে দাখিল করতে হয়। পরবর্তী প্রক্রিয়া পূর্বের ন্যায়।<br>**অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের ক্ষেত্রে**<br>নির্ধারিত ফরমে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বরাবর আবেদন করে সে অফিসেই দাখিল করতে হয়। প্রাপ্ত আবেদন যাচাই-বাছাই করে প্রশিক্ষণের জন্য তালিকা প্রণয়ন করা হয়। প্রশিক্ষণের সম্ভাব্য তারিখ নির্ধারণ করে জেলা অফিসে অনুমোদনের জন্য প্রেরণ করা হয়। জেলা অফিস থেকে প্রশিক্ষণের তারিখ নির্ধারণপূর্বক উপজেলাতে প্রেরণ করা হয়। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা নির্বাচিত প্রশিক্ষণার্থীদের তারিখ অবহিত করেন। অতঃপর প্রশিক্ষণ আরম্ভ হয় এবং প্রশিক্ষণ শেষে উত্তীর্ণদের সনদ প্রদান করা হয়। |
| সেবা প্রাপ্তির সময় | ভর্তি প্রক্রিয়া ৭-২৫ দিন (প্রাতিষ্ঠানিক কোর্সভেদে ১-৬ মাস • অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্সভেদে ৭-২১ দিন) |

| | |
|---|---|
| প্রয়োজনীয় ফি | • অপ্রাতিষ্ঠানিক ট্রেডে কোন কোর্স ফি নাই • প্রাতিষ্ঠানিক ট্রেডে কোর্স ভেদে ৫০/- থেকে ২০০০/- টাকা |
| সেবা প্রাপ্তির স্থান | উপ-পরিচালকের কার্যালয় (জেলা)/যুব প্রশিক্ষণ কেন্দ্র/উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় |
| দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী | ১. উপ-পরিচালক ২. কো-অর্ডিনেটর/ ডেপুটি কো-অর্ডিনেটর ৩. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ৪. ক্রেডিট সুপারভাইজার |
| প্রয়োজনীয় কাগজপত্র | ১) বয়স ১৮-৩৫ প্রমাণের সনদ<br>২) শিক্ষাগত যোগ্যতা: কোর্সভেদে-৮ম শ্রেণী, এসএসসি, এইসএসসি বা তদূর্ধ্ব পর্যায়ের পাশ প্রমাণের<br>কাগজপত্র<br>৩) বেকারত্ব প্রমাণের সনদ |
| সেবা প্রাপ্তির শর্তাবলি | ১) বয়স ১৮-৩৫ –এর মধ্যে<br>২) শিক্ষাগত যোগ্যতা: কোর্সভেদে-৮ম শ্রেণী, এসএসসি, এইসএসসি বা তদূর্ধ্ব পর্যায়ের<br>৩) বেকার<br>৪) প্রযোজ্য ক্ষেত্রে প্রশিক্ষণ ফি প্রদান |
| সংশ্লিষ্ট আইন ও বিধি | বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ কারিকুলাম ও মডিউল প্রণয়নের মাধ্যমে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হয় |
| সেবা প্রদানে ব্যর্থ হলে প্রতিকারকারী কর্মকর্তা | পরিচালক (প্রশিক্ষণ), যুব উন্নয়ন অধিদপ্তর বরাবর আবেদন |

# যুব সংগঠন তালিকাভুক্তিকরণ

| | |
|---|---|
| সেবা প্রাপ্তির সংক্ষিপ্ত বিবরণ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার মাধ্যমে উপ-পরিচালক বরাবর আবেদন করতে হয়। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কর্তৃক যাচাই-বাছাই ও সরজমিনে পরিদর্শন করে তালিকাভুক্তির জন্য উপ-পরিচালক বরাবর প্রতিবেদন প্রেরণ করা হয়। অতঃপর উপ-পরিচালক কর্তৃক যাচাই অন্তে অথবা সরাসরি তালিকাভুক্তির অনুমোদন প্রদান করে সংগঠনকে সার্টিফিকেট প্রদান করা হয়। |
| সেবা প্রাপ্তির সময় | ৮-১০ দিন |

| | |
|---|---|
| প্রয়োজনীয় ফি | বিনামূল্য |
| সেবা প্রাপ্তির স্থান | জেলা কার্যালয় |
| দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী | ১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ২। ক্রেডিট সুপারভাইজার |
| প্রয়োজনীয় কাগজপত্র | নির্ধারিত ফরমে আবেদন,।<br>জমির দলিলের কপি ব্যবহার সংক্রান্ত চুক্তিনামা।<br>গঠনতন্ত্র, ব্যাংক হিসাব, সমিতি সভার কার্যবিবরণী। |
| সেবা প্রাপ্তির শর্তাবলি | সংশ্লিষ্ট নীতিমালা অনুযায়ী-<br>১) যে কোন অধিদপ্তর হতে রেজিস্ট্রেশনপ্রাপ্ত<br>২) নিজস্ব জায়গা /ভাড়া জায়গা<br>৩) তালিকাভুক্তির সিদ্ধান্ত গ্রহণের কার্যনির্বাহী কমিটির সভার কার্যবিবরণী<br>৪) গঠনতন্ত্র<br>৫) কার্যকরী কমিটি<br>৬) ব্যাংক হিসাব |
| সংশ্লিষ্ট আইন ও বিধি | যুব সংগঠন তালিকাভুক্তকরণ-সংক্রান্ত নীতিমালা, ২০০৭ |
| সেবা প্রদানে ব্যর্থ হলে প্রতিকারকারী কর্মকর্তা | উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর বরাবর আবেদন |

# যুব ঋণ প্রদান

| | |
|---|---|
| সেবা প্রাপ্তির সংক্ষিপ্ত বিবরণ | **ক. যুবঋণ (একক)**<br>যুবঋণ (একক) প্রাতিষ্ঠানিক এবং অপ্রাতিষ্ঠানিক উভয় প্রক্রিয়ায় প্রদান করা হয়। উভয় প্রকার ঋণের জন্য প্রশিক্ষণ সমাপ্তির পর ঋণপ্রাপ্তির জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বরাবর আবেদন করতে হয়। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার নির্দেশে সিএস কর্তৃক আবেদন যাচাই-বাছাইয়ের পর উপযুক্ত আবেদনকারীদের ২০ টাকার বিনিময়ে নির্ধারিত ফরম সরবরাহ করা হয়। উক্ত ফরম পূরণ করে যুবঋণ নির্দেশিকা মোতাবেক প্রয়োজনীয় কাগজপত্রসহ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার নিকট দাখিল করতে হয়। অতঃপর অপ্রাতিষ্ঠানিক ঋণের ক্ষেত্রে আবেদনগুলো উপজেলা যুবঋণ অনুমোদন কমিটিতে উপস্থাপন করা হয়। কমিটি কর্তৃক অনুমোদিত আবেদনের বিপরীতে যুবঋণের চেক বিতরণ করা হয়।<br>প্রাতিষ্ঠানিক ঋণের ক্ষেত্রে আবেদনগুলো জেলা কার্যালয়ে উপ-পরিচালক বরাবর প্রেরণ করা হয়। উপ-পরিচালক আবেদনগুলো অনুমোদনের জন্য জেলা যুবঋণ অনুমোদন কমিটিতে |

উপস্থাপন করেন। অনুমোদিত তালিকাসহ আবেদনগুলো উপ-পরিচালকের মাধ্যমে

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার নিকট প্রেরণ করেন। অতঃপর উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা নির্বাচিতদের মাঝে অনুমোদিত ঋণের চেক (ক্রস চেক) বিতরণ করেন।

**খ. যুবঋণ (গ্রুপভিত্তিক)**

আর্থ-সামাজিক অবস্থা বিবেচনা করে ক্রেডিট সুপারভাইজার (সিএস) কর্তৃক নির্ধারিত জরিপ ফরমে জরিপ পরিচালনা করা হয়। জরিপের ফলাফলের ভিত্তিতে ৫ জনের সমন্বয়ে তারা নিজেরা একটি করে গ্র“প গঠন করে। এ রকম ৮-১০টি গ্র“প নিয়ে একটি কেন্দ্র গঠন করা হয় এবং একজন কেন্দ্রপ্রধান নির্বাচন করেন। গঠিত কেন্দ্র পরিদর্শন করে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা অনুমোদন করেন। অনুমোদিত কেন্দ্রের সদস্যগণ নির্ধারিত ফরমে ঋণের জন্য উপজেল যুব উন্নয়ন কর্মকর্তার নিকট আবেদন করেন। আবেদনগুলো যাচাই করে অনুমোদনের জন্য জেলা কার্যালয়ে উপ-পরিচালক বরাবর প্রেরণ করা হয়। উপ-পরিচালক কর্তৃক অনুমোদিত হওয়ার পর উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার নিকট প্রেরণ করেন।

নির্বাচিত গ্রুপকে (৫ জন) ঋণপ্রাপ্তির পূর্বে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দিতে হয়। অতঃপর গ্রুপের প্রতি সদস্যকে চেক প্রদান করা হয়।

| | |
|---|---|
| সেবা প্রাপ্তির সময় | যুবঋণ (একক) এর জন্য ৩০-দিন যুবঋণ (গ্রুপভিত্তিক) ১৫-২০ দিন |
| প্রয়োজনীয় ফি | যুব ঋণ (একক) এর ক্ষেত্রে ১০/= মূল্যের নির্ধারিত আবেদন ফরম। |
| সেবা প্রাপ্তির স্থান | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় |
| দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী | ১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ২। ক্রেডিট সুপারভাইজার |
| প্রয়োজনীয় কাগজপত্র | ঋণগ্রহীতা প্রকল্প বাস্তবায়নের জন্য সাদা কাগজে স্ব স্ব উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বরাবর ঋণের আবেদন করবেন। প্রাথমিকভাবে নির্বাচিত আবেদনকারীকে ঋণ পাওয়ার জন্য ২০/- টাকার বিনিময়ে নির্ধারিত আবেদন ফরম ক্রয়পূর্বক জমা প্রদান করতে হয়। জেলা বা উপজেলা ঋণ কমিটি কর্তৃক ঋণ মঞ্জুরের পর আবেদনকারী ও জামিনদার ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল করবে। নির্ধারিত উপজেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক তার কর্ম এলাকায় প্রতিবছর কোথায় কতটি কেন্দ্র তৈরি করবেন তা নির্ধারিত হওয়ার পর সংশ্লিষ্ট ক্রেডিট সুপারভাইজার গ্রামে গমন করে পারিবারিক জরিপের ভিত্তিতে সদস্য বাছাই করে গ্র“প ও কেন্দ্র গঠন করে থাকেন। ঋণ গ্রহণের পূর্বে গ্র“পভিত্তিক ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে গ্র“পভিত্তিক চুক্তিনামা করতে হবে। |

| | |
|---|---|
| সেবা প্রাপ্তির শর্তাবলি | ক. সরকারি পর্যায়ে পরিচালিত ক্ষুদ্রঋণ কর্মসূচির আওতায় আবর্তক ঋণ তহবিল ব্যবহারের সমন্বিত নীতিমালা।<br>খ. যুব উন্নয়ন অধিদপ্তরের ক্ষুদ্রঋণ কার্যনির্দেশিকা অনুমোদিত আবেদনকারীদের চেক বিতরণের পূর্বে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিবদ্ধ হতে হয়। ঋণের বিপরীতে ৫% অগ্রিম সঞ্চয় হিসাবে জমা করতে হয়। ঋণ পরিশোধ শেষে উক্ত ৫% অর্থ ঋণগ্রহীতাদের ফেরৎ প্রদান করা হয়। |
| সংশ্লিষ্ট আইন ও বিধি | ক. সরকারি পর্যায়ে পরিচালিত ক্ষুদ্রঋণ কর্মসূচির আওতায় আবর্তক ঋণ তহবিল ব্যবহারের সমন্বিত নীতিমালা এবং<br>খ. যুব উন্নয়ন অধিদপ্তরের ক্ষুদ্রঋণ কার্যনির্দেশিকা, ২০১৫ |
| সেবা প্রদানে ব্যর্থ হলে প্রতিকারকারী কর্মকর্তা | উপ-পরিচালক (জেলা কার্যালয়) |

# আত্মকর্মসংস্থানে সফলতার স্বীকৃতিস্বরূপ জাতীয় যুব পুরস্কার প্রদান কার্যক্রম

| | |
|---|---|
| সেবা প্রাপ্তির সংক্ষিপ্ত বিবরণ | |
| সেবা প্রাপ্তির সময় | প্রতিবছর জুলাই থেকে ডিসেম্বর মাসের মধ্যে |
| প্রয়োজনীয় ফি | প্রযোজ্য নয় |
| সেবা প্রাপ্তির স্থান | যুব উন্নয়ন অধিদপ্তর, জেলা/উপজেলা কার্যালয় |
| দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী | ১. সচিব ২. মহাপরিচালক |
| প্রয়োজনীয় কাগজপত্র | |
| সেবা প্রাপ্তির শর্তাবলি | |
| সংশ্লিষ্ট আইন ও বিধি | |
| সেবা প্রদানে ব্যর্থ হলে প্রতিকারকারী কর্মকর্তা | মাননীয় মন্ত্রী, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় |

# বেকার যুবকদের প্রশিক্ষণ

| | |
|---|---|
| সেবা প্রাপ্তির সংক্ষিপ্ত বিবরণ | বিজ্ঞপ্তি সাপেক্ষে আবেদনকারীকে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা/ ইউনিট থানা কর্মকর্তা বরাবর আবেদন লিখে একই কার্যালয়ে দাখিল করতে হয়। আবেদন প্রাপ্তির পর উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা যাচাই বাছাই করে প্রাথমিক তালিকা প্রণয়ন করেন। অত:পর উক্ত তালিকা জেলা কার্যালয়ে/যুব প্রশিক্ষণ কেন্দ্রে প্রেরণ করা হয়। জেলাতে প্রাথমিক মনোনিতদের একটি সাক্ষাতকারের মাধ্যমে যাচাই করে চূড়ান্ত তালিকা করা হয়। পরবর্তীতে নির্বাচিতদের অবহিত করে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণ শেষে উত্তীর্ণদের সনদপত্র প্রদান করা হয়। উল্লেখ্য, কম্পিউটার, সেলাই, রেফ্রিজারেশন, মোবাইল, ইলেক্ট্রনিক্স ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণের জন্য সরাসরি উপ-পরিচালক বরাবর আবেদন করে জেলা অফিসে দাখিলকরতে হয়। পরবর্তী প্রক্রিয়া পূর্বের ন্যায়। |
| সেবা প্রাপ্তির সময় | ভর্তিপ্রক্রিয়া-- ৭-২৫দিন প্রাতিষ্ঠানিক কোর্স ভেদে ০১-০৬ মাস8 8 অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্স ভেদে ০৭-২৫ দিন |
| প্রয়োজনীয় ফি | • অপ্রাতিষ্ঠানিক ট্রেডে কোন কোর্স ফি নাই • প্রাতিষ্ঠানিক ট্রেডে কোর্স ভেদে ৫০/- থেকে ২০০০/- টাকা |
| সেবা প্রাপ্তির স্থান | উপপরিচালকের কার্যালয়/ জেলা যুব প্রশিক্ষণ কেন্দ্র/ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় |
| দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী | ১। উপ-পরিচালক ২। কো-অর্ডিনেটর ৩। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ৪। ক্রেডিট সুপারভাইজার |
| প্রয়োজনীয় কাগজপত্র | ১) বয়স ১৮-৩৫ প্রমাণের সনদ<br>২) শিক্ষাগত যোগ্যতা: কোর্সভেদে-৮ম শ্রেণী, এসএসসি, এইসএসসি ev Z`ya© ch©v•qi পাশ প্রমাণের<br>কাগজপত্র<br>৩)বেকারত্ব প্রমানের সনদ। |
| সেবা প্রাপ্তির শর্তাবলি | ১) বয়স ১৮-৩৫ প্রমাণের সনদ<br>২) শিক্ষাগত যোগ্যতা: কোর্সভেদে-৮ম শ্রেণী, এসএসসি, এইসএসসি বা তদুর্ধ্ব পাশ প্রমাণের কাগজপত্র<br>৩)বেকারত্ব প্রমানের সনদ।<br>৪) প্রজোজ্য ক্ষেত্রে প্রশিক্ষণ ফি প্রদান। |

| | |
|---|---|
| সংশ্লিষ্ট আইন ও বিধি | স্ব স্ব ট্রেডে প্রশিক্ষণ কারিকুলাম ও মডিউল প্রণয়নের মাধ্যমে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হয়। |
| সেবা প্রদানে ব্যর্থ হলে প্রতিকারকারী কর্মকর্তা | উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর বরাবর আবেদন |

# যুব সংগঠনের মাঝে অনুন্নয়ন খাতের অনুদান প্রদান

| | |
|---|---|
| সেবা প্রাপ্তির সংক্ষিপ্ত বিবরণ | মন্ত্রণালয়/অধিদপ্তর কর্তৃক সরবরাহকৃত নির্ধারিত ফরমে আবেদন উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ে দাখিল করতে হয়। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সরজমিনে ক্লাবের অবস্থান পরিদর্শন করে ফরমের নির্ধারিত স্থানে সুপারিশ করে উপ-পরিচালক বরাবর প্রেরণ করেন। জেলা কমিটির সুপারিশ নিয়ে মহাপরিচালক বরাবর প্রেরণ করা হয়। মহাপরিচালক এতদসংক্রান্ত কমিটির সুপারিশ নিয়ে অনুদান অনুমোদন করেন অথবা বাতিল করেন। |
| সেবা প্রাপ্তির সময় | ৬০ দিন |
| প্রয়োজনীয় ফি | বিনামূল্য |
| সেবা প্রাপ্তির স্থান | যুব উন্নয়ন অধিদপ্তর, জেলা কার্যালয় |
| দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী | ১. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ২. ক্রেডিট সুপারভাইজার |
| প্রয়োজনীয় কাগজপত্র | ১. নির্ধারিত আবেদন ফরম<br>২. নিবন্ধনের সনদ<br>৩. অডিট রিপোর্ট<br>৪. উন্নয়নমূলক প্রকল্পের বিবরণ |
| সেবা প্রাপ্তির শর্তাবলি | সরকারের যেকোন দপ্তরের নিবন্ধনকৃত যুব সংগঠন হতে হবে |
| সংশ্লিষ্ট আইন ও বিধি | যুব সংগঠন তালিকাভুক্তিকরণ নীতিমালা, ২০০৭ |
| সেবা প্রদানে ব্যর্থ হলে প্রতিকারকারী কর্মকর্তা | উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর বরাবর আবেদন |